

কাগজের চড়া দাম, বিপাকে করোগেটেড বাস্তু তৈরির সংস্থা

নিজস্ব সংবাদদাতা: কাঁচা মালের দাম 'অত্যধিক' বেড়ে যাওয়ায় সক্ষটে রাজ্যের করোগেটেড বাস্তু তৈরির সংস্থাগুলি। 'ক্রাফ্ট পেপার' এই বাস্তু তৈরির মূল উপাদান। ইস্টার্ন ইভিয়া করোগেটেড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের দাবি, ওই কাগজের চড়া দামের জেরে রাজ্যের প্রায় ৫০০ এমন ছোট ও মাঝারি সংস্থার ব্যবসা অনিশ্চয়তার মুখে। প্রতিবাদে আজ, রবিবার থেকে ১ মে পর্যন্ত কাগজকলগুলির কাছ থেকে চড়া দামে ক্রাফ্ট পেপার না-কেনার জন্য সংস্থাগুলিকে আর্জি জানিয়েছে সংগঠন।

মূলত পুরনো কাগজ পুনর্ব্যবহারের মাধ্যমে এই ক্রাফ্ট পেপার তৈরি করে কাগজকল। তাদের দাবি, উৎপাদন খরচ বেড়ে যাওয়ার দরুণই দাম বাড়াতে বাধ্য হয়েছে তারা। এই যুক্তি মানতে নারাজ অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট মিলন দে। তাঁর পাল্টা দাবি, ক্রাফ্ট পেপারের দাম প্রায় ৩ টাকা বাড়িয়েছে কাগজকলগুলি। উৎপাদন খরচ আদৌ এতটা বাড়েনি।

করোগেটেড বাস্তুর বাতিল ও বর্জ্য কাগজও পরে পুনর্ব্যবহার করে ক্রাফ্ট পেপার তৈরি হয়। মিলনবাবুর দাবি, তাঁরাও ওই বর্জ্য কাগজ বিক্রি করেন এবং তার দাম বেড়েছে মাত্র ১ টাকা। পাশাপাশি ভিন্ন রাজ্যের কাগজকলে তৈরি ক্রাফ্ট পেপারের দামও এ রাজ্যের চেয়ে অনেক কম। কিন্তু সেখান থেকে সেই কাগজ আনতে হলে তাঁদের কেন্দ্রীয় বিক্রয়কর ও প্রবেশ কর দিতে হয়। ফলে আখেরে লাভ হয় না। গোটা সমস্যার জন্য অবিলম্বে কেন্দ্র ও রাজ্যের হস্তক্ষেপ দাবি করেছেন তাঁরা।